# জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নং-জয়ঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/৭৫২

তারিখঃ ০৫/০৯/১৯

## ১ নং ওয়ার্ড কমিটি (WC) এর ৪৮ তম ত্রৈমাসিক সভার নোটিশ।

সভাপতি ঃ জনাব মুক্তারাম দাস, কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা।

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ১ নং ওয়ার্ডের WC কমিটির সম্মানিত সকল সদস্যকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০৯/২০১৯ইং তারিখ, রোজ-রবিবার, সময়-১১.০০ ঘটিকার সময় পৌর মিলনায়তনে নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাবা মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত আসন-১, ২ ও ৩, জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ২ | জনাব আঃ রহমান | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৩ | জনাব সামসুল হক | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৪ | জনাবা বিউটি সাহা | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৫ | জনাব মারুফ হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৬ | জনাব আনোয়ার শহীদ | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৭ | জনাব পাপিয়া | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ৮ | জনাবা রুমি | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ৯ | জনাব মোঃ সারোয়ার হোসেন | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | |

আলোচ্য বিষয় ঃ

১। গত সভার রেজুলেশন পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। ডেঙ্গু রোগ ও প্রতিকার বিষয়ে আলোচনা প্রসঙ্গে।
৩। বিবিধ।

(মুক্তারাম দাস)
সভাপতি
WC কমিটি ও ১নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৪৮ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০১

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মুক্তারাম দাস, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০১, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ | পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ | ০৮/০৯/২০১৯ইং |
| রোজ | ঃ | রবিবার। |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |

অদ্য ০৮/০৯/২০১৯ইং তারিখ রোজঃ রবিবার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকার সময় পৌর মিলনায়তনে ১নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি জনাব মুক্তারাম দাস, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০১।

সভার প্রারম্ভে সভাপতি সাহেব কমিটির উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

**<u>১ নং আলোচ্য সূচী</u> ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ**

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হলো।

**<u>২ নং আলোচ্য সূচী</u> ঃ ডেঙ্গু রোগ ও প্রতিকার বিষয়ে আলোচনা প্রসঙ্গে।**

**আলোচনা** : সভাপতি মহোদয় সভায় ডেঙ্গু বিষয় নিয়ে আলোচনাকালে বলেন, ডেঙ্গু জ্বরে সাধারণত তীব্রতা বেশি থাকে।সেই সঙ্গে শরীরে প্রচণ্ড ব্যথা দেখা দেয়। জ্বর ১০৫ ফারেনহাইট পর্যন্ত হয়। শরীরে বিশেষ করে হাড়, কোমর, পিঠসহ অস্থিসন্ধি ও মাংসপেশিতে তীব্র ব্যথা হয়। এছাড়া মাথাব্যথা ও চোখের পেছনে ব্যথা হয়।

জ্বর হওয়ার চার বা পাঁচ দিনের সময় সারা শরীরে লালচে রং দেখা যায়। যাকে বলা হয় স্কিন রং, অনেকটা অ্যালার্জি বা ঘামাচির মতো। এর সঙ্গে বমি বমি ভাব এমনকি বমি হতে পারে। রোগী অতিরিক্ত ক্লান্তিবোধ করে এবং রুচি কমে যায়।

এই অবস্থাটা যেকোনো সময় জটিল হয়ে উঠতে পারে। যেমন অন্য সমস্যার পাশাপাশি যদি শরীরের বিভিন্ন অংশ থেকে রক্ত পড়া শুরু হয়। যেমনঃ চামড়ার নিচে, নাক ও মুখ দিয়ে, মাড়ি ও দাঁত থেকে, কফের সঙ্গে, রক্ত বমি, পায়খানার সঙ্গে তাজা রক্ত বা কালো পায়খানা, চোখের মধ্যে ও চোখের বাইরে রক্ত পড়তে পারে।

এই রোগের বেলায় অনেক সময় বুকে পানি, পেটে পানি ইত্যাদি উপসর্গ দেখা দিতে পারে। অনেক সময় লিভার আক্রান্ত হয়ে রোগীর জন্ডিস,কিডনিতে আক্রান্ত হয়ে রেনাল ফেইলিউর ইত্যাদি জটিলতা দেখা দিতে পারে।

ডেঙ্গু থেকে রক্ষা পেতে প্রথমে নিজেদের সচেতন করতে হবে। এডিস মাশা যাতে বিস্তার লাভ না করতে পারে। সেদিকে লক্ষ রাখতে হবে। বিশেষ করে মিডিয়াগুলো এবিষয় অনুষ্ঠান সম্প্রচার করতে পারে। বৃষ্টি হওয়ার সঙ্গে সঙ্গে বাড়ির আঙ্গিনা পরিস্কার করে ফেলতে হবে। বাসার কোথাও যাতে পানি না জমে থাকতে পারে সেদিন লক্ষ রাখতে হবে।

অতপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুক্তারাম দাস)
সভাপতি WC কমিটি
ও ১নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ২৫৮(০৬)

তারিখ ঃ ০৮/০৯/১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা ..................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০১

৩। অফিস নথি।

(মুক্তারাম দাস)
সভাপতি WC কমিটি
ও ১নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

### ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ১ এর
### ৪৮ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর।

সভাপতি ঃ জনাব মোঃ মুক্তারাম দাস, কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ০৮/০৯/২০১৯ইং

রোজ ঃ রবিবার।

বেলা ঃ ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :-

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মুক্তারাম দাস | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ০২ | জনাবা মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত আসন- ১, ২ ও ৩, জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব আঃ রহমান | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ০৪ | জনাব সামসুল হক | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ০৫ | জনাবা বিউটি সাহা | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ০৬ | জনাব মারুফ হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ০৭ | জনাব আনোয়ার শহীদ | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ০৮ | জনাব পাপিয়া | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ০৯ | জনাবা রুমি | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ১০ | জনাব মোঃ সারোয়ার হোসেন | উপ-সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | |